



নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। ক্লিনিক্যাল ফার্মেসী এন্ড ফার্মাকোলজি বিভাগ

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ল্যাবরেটরী সহকারি টঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে সরকার অনুমোদিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা/স্নাতক/সমমানের পরীক্ষা পাশসহ সংশ্লিষ্ট কাজে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। উক্ত পদে টেকনিক্যাল পার্সনকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

২। শহীদ সার্জেন্ট জহুরুল হক হল

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক টঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

৩। সূর্যসেন হল

পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
প্লাম্বার টঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	০১ টি	প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমান পাস এবং বয়স কমপক্ষে ১৮(আঠার) বছর হতে হবে। তবে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নহে।

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ০৬-০২-২০২০ খ্রীস্টাব্দ/২৪-১০-১৪২৬ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র চেয়ারম্যান, ক্লিনিক্যাল ফার্মেসী এন্ড ফার্মাকোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২-এর আবেদনপত্র প্রভোস্ট, শহীদ সার্জেন্ট জহুরুল হক হল, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩-এর আবেদনপত্র প্রভোস্ট, সূর্যসেন হল, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে।